

Interview

মাজেরা বিবি (কয়লা কুড়ানি) চুরুলিয়া গ্রাম

প্রশ্ন : তোমার নাম কি ?

উত্তর : মাজেরা বিবি।

প্রশ্ন : এখানে কতদিন আছো ?

উত্তর : বিশ সাল।

প্রশ্ন : এখানে কি করে এলে ?

উত্তর : আমার স্বামী দুটো বিয়ে করেছে। ছ'টা ছেলে আছে। আজ পর্যন্ত স্বামী আমার খোঁজ নেয়নি। আমি এখানে মায়ের বাড়িতে আছি।

প্রশ্ন : স্বামীর বাড়ি কোথায় ?

উত্তর : জামুরিয়া।

প্রশ্ন : তোমার বাবা কি করতেন ?

উত্তর : আমার বাবা আমার বিয়ের আগে মারা গেছে। ছ'টা ছেলে মেয়ে হওয়ার পরে স্বামী আমার দেখভাল করেন। তারপর থেকে মায়ের কাছে আছি। মাও পরে মারা যায়। বহুত কষ্টে ছেলে মেয়েদের মানুষ করেছি। মুড়ি ভাজার কাজ করেছি। মুড়ি ভাজার কুছি (যা দিয়ে ভাজে) কুড়িয়ে এনেছি। মেয়ে চুড়ি বেচতে লাগলো। তা দিয়েও পেট ভরাতে পারিনা। ঘাস কেটে বিক্রি করতে লাগলাম। গাইদের খাওয়ার জন্য। তারপর এর বাড়ি, ওর বাড়ি কাজ করে ছেলেমেয়েদের মানুষ করলাম। তারপর কয়লা কুড়ানো শুরু করলাম।

প্রশ্ন : কতদিন যেতে হয় সপ্তাহে কয়লা কুড়াতে ?

উত্তর : পাঁচ-ছয় দিন যেতে হয়। ২০-২৫ টাকা দিনে হয়। কি করবো ? উপায় নাই।

প্রশ্ন : কি কর ওখানে ? কিভাবে কয়লা কুড়াও ?

উত্তর : পাথর-মাটির সাথে কয়লা ফেলে ডাম্পিং-এ। ওখানে বসে কয়লা বেছে আনি। তারপর সাইকেলওয়ালাদের বিক্রি করি।

প্রশ্ন : কত হয় বিক্রি করে ?

উত্তর : এক সাইকেল হলে ৪০ টাকা হয়। তবে সারা বেলা খাটতে হয়। তবে দুইজনে খাটতে হয়। আবার কখনো চাষের কাজেও যাই। চুড়িও বিক্রি করি। কোন সময় বসে থাকি না।

প্রশ্ন : চাষের কাজে কত পাও ?

উত্তর : ৭০ টাকার মতন।

প্রশ্ন : আর চুড়ি বিক্রি করে।

উত্তর : দিনে ৫০-৬০ টাকা হয়।

প্রশ্ন : কয়লার কাজে কি অসুবিধা ?

উত্তর : সবটাই অসুবিধা। একটা বড় পাথর পড়লে গোটা পা টাই চলে যাবে।

প্রশ্ন : এরকম হয় ?

উত্তর : অনেক হয়। একবার তো দুটো ছেলেই মরে গেল।

প্রশ্ন : তাও কেন যায় ? আর কি কিছু করার নেই বলে ?

উত্তর : তাইতো বটে। পেটের জ্বালায় যায়।

প্রশ্ন : এখানের খনিতে এই গ্রামের লোকেরা কাজ পেয়েছে ?

উত্তর : পার্টি সিস্টেম, যাকে ভাল লেগেছে তাকে দিয়েছে। এতবড় এলাকা। সবাইকে তো নেওয়া যায় না। এ গ্রামের দশটা, ও গ্রামের দশটা। এইভাবে দিচ্ছে।

প্রশ্ন : এই কাজ ভাল লাগে ?

উত্তর : একদম পছন্দ নয়। সরকার যদি কিছু করত তবে ভাল হত।

প্রশ্ন : সরকার করছেন কেন ? তোমার কি মনে হয় ?

উত্তর : সেটা কি করে জানব।

প্রশ্ন : তোমার ছেলে মেয়েরা কোন ক্লাসে পড়ে ?

উত্তর : পড়ে না। চার মেয়ে আর দুই ছেলে আমার। বড় ছেলে ডাম্পার চালায় আর ছোট ছেলে ট্যান্ড্রি চালায়।

প্রশ্ন : বড় ছেলে কতদিন ডাম্পার চালায় ?

উত্তর : পাঁচ-ছয় বছর হয়ে গেল। আগে খালাসি ছিল।

প্রশ্ন : ডাম্পারের মালিকের নাম জান ?

উত্তর : না। ওটাতো জানিনা।

প্রশ্ন : ছেলেদের বিয়ে হয়েছে ?

উত্তর : হ্যাঁ। দুই ছেলের বিয়ে দিয়েছি।

প্রশ্ন : চাষের জমি যে কোলিয়ারি নিয়ে নিচ্ছে, তাতে তো তোমার ক্ষতি হবে। কি মনে হয় ?

উত্তর : ক্ষতি তো হবেই। জমিতে যে চাষের কাজ করি তখন আর তো পাব না।